# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৫৫৩

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - ইহরাম ও তালবিয়াহ্

### আরবী

عَنْ جَابِرٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا أَرَادَ الْحَجَّ أَذَّنَ فِي النَّاسِ فَاجْتَمَعُوا فَلَمَّا أَتَى الْبَيْدَاءَ أَحْرَمَ. رَوَاهُ الْبُخَارِيّ

### বাংলা

২৫৫৩-[১৪] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন হজ্জ/হজ পালনের ইচ্ছা পোষণ করলেন, তখন মানুষের মধ্যে ঘোষণা করে দিলেন। তাই লোকেরা দলে দলে সমবেত হলো। তিনি ’বায়দা’ নামক জায়গায় পৌঁছলে (হজের জন্য) ’ইহরাম’ বাঁধলেন। (বুখারী)[1]

### ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ৮১৭।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَذَّنَ فِى النَّاسِ) ‘‘তিনি লোকদের মাঝে ঘোষণা দিলেন।’’ ইবনু মালিক বলেনঃ তিনি এ ঘোষণা নিজেই দিয়েছিলেন এই বলে যে, ‘‘আমি হজ্জ/হজ করতে ইচ্ছা করছি।’’ ‘আল্লামা আল কারী বলেনঃ প্রকাশমান অর্থ এই যে, তিনি কোন ঘোষককে এ মর্মে ঘোষণা দেয়ার নির্দেশ দিয়েছিলেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হজ্জ/হজ করবেন।

(فَلَمَّا أَتَى الْبَيْدَاءَ أَحْرَمَ) ‘‘তিনি যখন বায়দাতে পৌঁছালেন ইহরাম বাঁধলেন’’। অর্থাৎ- তিনি ইহরামের শব্দাবলী পুনরায় উচ্চারণ করলেন অথবা জনসম্মুখে তাঁর ইহরামের বিষয় প্রকাশ করলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57113

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন